কালের কণ্ঠ

3.0 MAY 2017 6 2

# রাজউকে ভর্তিতে সর্বোচ্চ আবেদন

শরীফুল আলম সুমন ▷

এসএসসি বা এইচএসসির ফলের ভিত্তিতে সেরা স্কুল ও কলেজ নির্বাচন বন্ধ হয়ে গেছে দুই বছর আগে। ফলে এখন আর জানার উপায় নেই কোন কলেজ বেশি এগিয়ে। তবে অনলাইন ও এসএমএসে ভর্তি আবেদন চালুর পর বোঝা যায়, কোন কলেজে ভর্তি হতে শিক্ষার্থীদের আগ্রহ সবচেয়ে বেশি। এবার আবেদনকারীর সংখ্যা ১৩ লাখ পাঁচ হাজার। প্রায় আট হাজার কলেজে শিক্ষার্থীরা ভর্তির আবেদন করেছে। তবে তাদের আগ্রহের কেন্দ্রবিন্দুতে থাকা সেরা ১০ কলেজের আটটিই রাজধানীর। সবচেয়ে বেশি আবেদন পড়েছে রাজধানীর রাজউক উত্তরা মডেল কলেজে ভর্তি হতে। দ্বিতীয় অবস্থানে ঢাকা সিটি কলেজ, তৃতীয় মিরপুর সরকারি বাঙলা কলেজ।

**দ্বিতীয় ঢাকা সিটি কলেজ, তৃতীয় মিরপুর সরকারি বাঙলা কলেজ**

আন্ত শিক্ষা বোর্ড সূত্র জানায়, রাজউক উত্তরা মডেল কলেজে এক হাজার ৬৩৪ আসনের বিপরীতে আবেদন করেছে ৪২ হাজার ৬৪৫ জন। গড়ে এক আসনের বিপরীতে আবেদন পড়েছে ২৬টি। দ্বিতীয় অবস্থানে ঢাকা সিটি কলেজ। এখানে তিন হাজার ৪৫০ আসনের বিপরীতে আবেদন করেছে ৩৯ হাজার ৩১৬ জন। তৃতীয় অবস্থানে মিরপুর সরকারি বাঙলা কলেজ। এখানে এক হাজার ৭০০ আসনের বিপরীতে আবেদন করেছে ৩৯ হাজার ৫২ জন।

চতুর্থ স্থানে আছে আদমজী ক্যান্টনমেন্ট কলেজ, আবেদন পড়েছে ৩৬ হাজার ৭৭৭টি, আসন আছে দুই হাজার ২০০। পঞ্চম অবস্থানে কবি নজরুল সরকারি কলেজ। এখানে আবেদন করেছে ৩৫ হাজার ৫৭১ জন, আসন এক হাজার ৬০০। ষষ্ঠ অবস্থানে রয়েছে ময়মনসিংহের সরকারি আনন্দ মোহন কলেজ। এখানে আবেদন করেছে ৩৪ হাজার ৮৯৮ জন, আসন ৯০০। সপ্তম স্থানে ময়মনসিংহের শহীদ নজরুল ইসলাম কলেজ। আবেদন পড়েছে ২৬ হাজার ৪৫২, আসন এক হাজার ৩২৫। রাজধানীর রেসিডেনসিয়াল মডেল কলেজ রয়েছে অষ্টম অবস্থানে। এখানে আবেদন করেছে ২৫ হাজার ৬৪৪ জন, আসন আছে এক হাজার। নবম অবস্থানে রাজধানীর কুর্মিটোলার বিএএফ শাহীন কলেজ। এখানে ভর্তির জন্য আবেদন করেছে ২৫ হাজার ৫৪৪ জন, আসন আছে ৮০০। দশম অবস্থান রাজধানীর শহীদ সোহরাওয়ার্দী কলেজের। এখানে ভর্তির জন্য আবেদন করেছে ২৫ হাজার ৪২ জন, আসন আছে এক হাজার ৬৫০।

আজ মঙ্গলবার এসএসসির পুনর্নিরীক্ষণের ফল দেওয়া হবে। যাদের ফল পরিবর্তন হবে তারা আজ ও কাল তাদের আবেদনে পছন্দক্রম পরিবর্তন করতে পারবে। ৫ জুন প্রথম পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ করা হবে। ৬ থেকে ৮ জুন পর্যন্ত নির্বাচিত শিক্ষার্থীদের এসএমএসের মাধ্যমে ১৮৫ টাকা ফির বিনিময়ে কলেজ নিশ্চয়ন করতে হবে। এরপর মাইগ্রেশনের আবেদন এবং নতুন আবেদন করা যাবে ৯ থেকে ১০ জুন। ১৩ জুন দ্বিতীয় পর্যায়ের ফল দেওয়া হবে। ১৪ ও ১৫ জুন কলেজ নিশ্চয়ন করতে হবে তাদের। এরপর আবার মাইগ্রেশন ও নতুন আবেদন করা যাবে ১৬ ও ১৭ জুন। তৃতীয় পর্যায়ে ফল প্রকাশ করা হবে ১৮ জুন। তাদের কলেজ নিশ্চয়ন করতে হবে ১৯ জুন। ২০ থেকে ২২ জুন এবং ২৮ থেকে ২৯ জুন দুই দফায় শিক্ষার্থীদের ভর্তি হতে হবে। ক্লাস শুরু হবে ১ জুলাই।